


কোটেশন বিজ্ঞপ্তি

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের তদন্তকারী সংস্থা কর্তৃক ব্যবহারের জন্য ০২ (দুই)টি মূল্যতম ১০ সিটের ভাল মানের এসি মাইক্রোবাস ০২ (দুই) মাস মেয়াদে ভাড়া করার নিমিত্ত প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে নিম্নে ক্রমে শর্তে সীলমোহরকৃত কোটেশন আহ্বান করা যাচ্ছে :

- ০১। কোটেশন সমূহ আগামী ১২/০৭/২০১০খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত সচিবালয়ের ৮ নং ভবনের ৩১৭ নং কক্ষে রক্ষিত টেন্ডার ব্যাল্ড ফেলতে হবে এবং এদিন দুপুর ১২.৩০ ঘটিকায় উপস্থিত কোটেশন দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) টেন্ডার ব্যাল্ড খোলা হবে।
- ০২। কোটেশন দাতাকে দরপত্রের সাথে গাড়ীর হালনাগাদ ব্রু-বুক, ফিটনেস সার্টিফিকেট, ট্যাক্স টোকেন, ইন্সুরেন্স সার্টিফিকেট ও আনুষংগিক কাগজপত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ০৩। কোটেশনের কার্যকারিতা (Validity) কার্যাদেশ প্রদানের তারিখ হতে ০২(দুই) মাস পর্যন্ত বহাল থাকবে। প্রয়োজনে উভয় পক্ষের সম্মতিতে এই মেয়াদ বৃদ্ধি করে চুক্তি নবায়ন করা যাবে।
- ০৪। কোটেশনদাতাকে অংক ও কথায় দর উল্লেখ করতে হবে এবং লিখিত দরে কোন প্রকার ঘষামাজা বা উপরিলিখিত গ্রহণযোগ্য হবে না।
- ০৫। সরবরাহকৃত মাইক্রোবাস ন্যূনতম ১০ সিট ও ৩/৪ দরজা বিশিষ্ট ফুল এসি, টিপটপ কন্ডিশন ও উন্নতমানের হতে হবে। ২০০৫ সালের পূর্বের প্রস্তুতকৃত মাইক্রোবাস গ্রহণযোগ্য নয়। গাড়ীর জ্বালানী, গাড়ী চালকের বেতন ভাতা, গাড়ীর রক্ষণাবেক্ষণ ও মেরামত, লাইসেন্স, বীমা ইত্যাদির ব্যয়ভার গাড়ী সরবরাহকারীকে বহন করতে হবে।
- ০৬। কর্মকর্তাদের সকাল ০৯.০০ ঘটিকায় অফিসে পৌঁছানো এবং অফিস শেষে গন্তব্যে পৌঁছানোসহ অন্যান্য দাপ্তরিক কাজে মাইক্রোবাস দুটি (প্রয়োজনে সরকারী ছুটির দিনসহ) ব্যবহৃত হবে। তদন্ত কাজের প্রয়োজনে মাইক্রোবাস দুটি ঢাকা শহরের বাহিরে দেশের বিভিন্ন স্থানে যাতায়াতের ক্ষেত্রেও ব্যবহৃত হবে। মাইক্রোবাস ব্যবহার ব্যতিত সাপ্তাহিক ছুটির দিনসহ অন্যান্য ছুটির দিনের জন্য ভাড়া প্রদান করা হবেনা।
- ০৭। সরবরাহকৃত গাড়ী কোন দিন ডিউটি কালীন সময়ে বিকল হলে এবং তাৎক্ষণিকভাবে তাহা প্রতিস্থাপন করা না হলে সে দিনের সম্পূর্ণ ভাড়া কর্তন করা হবে। সরবরাহকারীর অপারগতাসহ যে কোন কারণে মাইক্রোবাস সরবরাহ না করা হলে/চলাচলে বিঘ্ন ঘটলে দৈনিক ভাড়ার দ্বিগুন জরিমানা করা হবে।
- ০৮। গাড়ী ব্যবহারকালীন কোন প্রকার দুর্ঘটনা/অপ্রত্যাশিত ঘটনায় তৃতীয় পক্ষের কোন প্রকার ক্ষয়ক্ষতি হলে এর দায় গাড়ী সরবরাহকারীকে বহন করতে হবে। ব্যবহারকারী কর্তৃপক্ষ কোন প্রকার দায় দায়িত্ব বহন করবে না।
- ০৯। কৃতকার্য কোটেশনদাতাকে কার্যাদেশ প্রাপ্তির ০২(দুই) দিনের মধ্যে গ্রহণযোগ্য গাড়ী প্রদান করতে হবে। প্রদেয় বিলের উপর সরকারী বিধি মোতাবেক ভ্যাট, আয়কর ইত্যাদি কর্তন করা হবে।
- ১০। সরবরাহকারী প্রতিষ্ঠান দাখিলকৃত কোটেশনে তাদের সকল শর্তাবলী সুস্পষ্ট উল্লেখ করবেন। পরবর্তীতে অতিরিক্ত কোন শর্ত ব্যবহারকারীর উপর প্রযোজ্য হবেনা।
- ১১। কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন কোটেশন গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


(মোঃ শহীদুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৬৯৭২৪।

বিতরণ :

- ১। সচিবালয় সকল গেইট।
- ২। এজিবি নোটিশ বোর্ড।
- ৩। জিপিও নোটিশ বোর্ড।